

CoP28-এর মনোনীত প্রেসিডেন্ট ড. সুলতান আল জাবেরের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

15ই জুলাই, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 15ই জুলাই, 2023 এ আবুধাবিতে COP-28 -এর মনোনীত প্রেসিডেন্ট এবং আবুধাবি ন্যাশনাল অয়েল কোম্পানির গ্রুপ সিইও ডঃ সুলতান আল জাবেরের সঙ্গে সাক্ষাৎ করেন।

২. সংযুক্ত আরব আমিরাতের সভাপতিত্বে UNFCCC'র আসন্ন COP-28 নিয়ে আলোচনা হয়। ড. জাবের এই গুরুত্বপূর্ণ বৈঠকে সংযুক্ত আরব আমিরাতের দৃষ্টিভঙ্গি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। প্রধানমন্ত্রী সংযুক্ত আরব আমিরাতের সিওপি-২৮ প্রেসিডেন্সির জন্য ভারতের পূর্ণ সমর্থনের কথা জানান। প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তন মোকাবেলায় ভারতের প্রচেষ্টা ও উদ্যোগের কথাও তুলে ধরেন, যার মধ্যে রয়েছে আন্তর্জাতিক সৌর জোট, দুর্ভোগ সহনশীল অবকাঠামোর জন্য জোট, আন্তর্জাতিক মিলেটস বর্ষ এবং পরিবেশের জন্য মিশন লাইফস্টাইল (এলআইএফই)।

৩. ভারত ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে জ্বালানি সহযোগিতার বিষয়েও আলোচনা হয়ে এদিন।

আবু ধাবি

15ই জুলাই, 2023